

উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটির সভার কার্যবিবরণী

উপজেলা: রামপাল, জেলা: বাগেরহাট


সভাপতি : জনাব মুসাম্মাৎ হোসেনয়ারা (মিলি), মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রামপাল, বাগেরহাট।  
সভার স্থান : মহিলা ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষ।  
সভার তারিখ : ৩/১১/২০২২ খ্রিঃ।  
সভার সময় : সকাল ১০.০০টা।  
উপস্থিতি : হাজিরা খাতায় সংরক্ষিত।

উপজেলা পরিষদের যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটির সভায় উপস্থিত সভাপতি মুসাম্মাৎ হোসেনয়ারা (মিলি), সদস্য সচিব, এবং সদস্যগণ সভায় উপস্থিত ছিলেন। বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কার্যবিবরণীতে কোন সংশোধন না থাকায় অনুমোদন ও নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

সভাপতি মহোদয় সকলকে আলোচনার আহ্বান করলে সকলে ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রমের বিষয়ে আলোচনা করেন। সদস্য সচিব এবং সদস্যগণ তাদের আলোচনায় বলেন যে, বেলাই ব্রীজ রামপাল সড়কে ৮১৩.০০মিটার চেইনেজে অবস্থিত পুরানো ব্রীজ। মোংলা মিঠাখালী মল্লিকেরবেড় সড়কের ১৭১০.০০মিটার চেইনেজে অবস্থিত পুরানো ব্রীজ। গিলাতলা - চাক্ষী সড়কে ২৬৯.০০ মিটার চেইনেজে অবস্থিত পুরানো কালভার্টের মালামাল পরিত্যক্ত অবস্থায় আছে উক্ত ব্রীজগুলি নিলামের মাধ্যমে বিক্রয় করা প্রয়োজন।

সিদ্ধান্ত : উপরোক্ত আলোচনার প্রেক্ষিতে সর্বসম্মতক্রমে সিদ্ধান্ত গ্রহণ করা হয় যে, বেলাই ব্রীজ রামপাল সড়কে ৮১৩.০০মিটার চেইনেজে অবস্থিত পুরানো ব্রীজ। মোংলা মিঠাখালী মল্লিকেরবেড় সড়কের ১৭১০.০০মিটার চেইনেজে অবস্থিত পুরানো ব্রীজ। গিলাতলা - চাক্ষী সড়কে ২৬৯.০০ মিটার চেইনেজে অবস্থিত পুরানো কালভার্টের মালামাল নিলামের মাধ্যমে বিক্রয় জন্য বিষয়টি উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থাপন করা হবে।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(মুসাম্মাৎ হোসেনয়ারা (মিলি))

মহিলা ভাইস চেয়ারম্যান

ও


সভাপতি

যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটি  
উপজেলা পরিষদ, রামপাল, বাগেরহাট।

স্মারক নং-৪৬.০২.০১৭৩.০০০.০৬.০০১.২১- ২৭৪৫/১(৩)  
অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:-

তারিখঃ ০৩/১১/২০২২খ্রিঃ

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রামপাল, বাগেরহাট।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, রামপাল, বাগেরহাট।
- ০৩। অফিস কপি।



মোঃ গোলজার হোসেন

সদস্য সচিব

যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন  
কমিটি ও

উপজেলা প্রকৌশলী  
রামপাল, বাগেরহাট।